# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 20-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

--------------------------------------

১) লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ে আজ বিকেল পাঁচটা পর্যন্ত ৫৬ দশমিক ৬-৮ শতাংশ ভোট পরার খবর ।

২) হেলিকপ্টার দূর্ঘটনার ফলে মৃত্যু হওয়া ইরাণের রাষ্ট্রপতি এবং বিদেশ মন্ত্রীর প্রতি সম্মান জানাতে কেন্দ্রীয় সরকারের আগামীকাল জাতীয় শোক ঘোষনা

৩) কাছাড় জেলার ফুলেরতলেকুয়োতে আবদ্ধ হয়ে তিনজনের মৃত্যু ।

এবং

৪) সি ইউ ই টি ইউ জি'র বাংলা ও পরিবেশ বিজ্ঞান বিষয়ের পরীক্ষা শিলচরে আয়োজন করার অনুরোধ জানিয়ে রাজ্যের শিক্ষামন্ত্রীর পক্ষ থেকে এন টি এর সঞ্চালকের কাছে পত্র প্রেরণ ।

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের পঞ্চম পর্যায়ে দেশের ৬ টি রাজ্য ও দুটি কেন্দ্রীয়শাসিত অঞ্চলের ৪৯ টি আসনের জন্য আজ অনুষ্ঠিত ভোটগ্রহণ শান্তিপূর্নভাবে সম্পন্ন হয়েছে । বিকেল পাঁচটা পর্যন্ত ৫৬ দশমিক ৬-৮ শতাংশ ভোটদাতা তাদের ভোটাধিকার সাব্যস্ত করেছেন । সকাল ৭ টা থেকে শুরু হয়ে এই ভোটদান প্রক্রিয়া সন্ধ্যে ৬ টায় শেষ হয়েছে । উল্লেখ্য পঞ্চম পর্যায়ে এই পর্যায়ে উত্তর

প্রদেশের ১৪টি , মহারাষ্ট্রের ১৩টি , পশ্চিমবঙ্গের ৭টি , ঝারখন্ডের ৩টি , বিহার এবং ওড়িষ্যার ৫টি করে আসন সহ জম্মু-কাশ্মীর ও ওড়িষ্যার ১টি করে লোকসভা আসনের জন্য ভোট গ্রহণ করা হয়েছে । পঞ্চম পর্যায়ে ৬শো ৯৫ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য ই ভি এম বন্দি হয়েছে । পঞ্চম পর্যায়ে উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে রয়েছেন ভারতীয় জনতা পার্টীর রাজনাথ সিং , স্মৃতি ইরাণী , পিযুষ গোয়েল , কংগ্রেসের রাহুল গান্ধী , কে এল শর্মা , নেশন্যাল কনফারেন্সের ওমর আব্দুল্লা এবং এল জি পি রামবিলাশ পাশোয়ানের চিরাগ পাশোয়ান প্রমুখ । ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য দেশের বিভিন্ন প্রান্তের ৯৪ হাজার ৭৩২ টি ভোটগ্রহণ কেন্দ্রে ৯ লক্ষ ৪৭ হাজারেরও অধিক আধিকারিক নিয়োগ করা হয়েছে । এই পর্যায়ে ৮ কোটি ৯৫ লক্ষ ভোটদাতা ভোটদানের সুযোগ লাভ করেছেন । এরমধ্যে ৪ কোটি ৬৯ লক্ষ পুরুষ ,৪ কোটি ২৬ লক্ষ মহিলা এবং ৫ হাজার ৪০৯ জন তৃতীয় লিঙ্গের ভোটদাতা রয়েছেন । এই পর্যায়ের জন্য স্থাপন করা ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে পানীয় জল ,রেম্প ,শৌচালয় ,হুইল চেয়ার ইত্যাদি প্রয়োজনীয় সব ধরণের ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে ।

উল্লেখ্য এপর্যন্ত ২৩ টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৩৭৯ টি সংসদীয় আসনে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং প্রায় ৬৭ শতাংশ ভোটদাতা তাঁদের ভোটাধিকার সাব্যস্ত করেছেন ।

---

আগামী চৌঠা জুন অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের ভোটগ্রহণের জন্য জেলাপ্রশাসন সমূহ ইতিমধ্যে প্রস্তুতি আরম্ভ করেছে । রাজ্য নির্বাচন কমিশনও চৌঠা জুনের ভোটগণনার জন্য নিরাপত্তা ব্যবস্থা সহ সবধরণের প্রস্তুতি গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সবাইকে নির্দেশ দিয়েছে । রাজ্যের চৌদ্দটি লোকসভা আসনে প্রতিদ্বন্দিতা করা ১৪৩ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য বন্দী হয়ে থাকা ই ভি এম সমূহ ৫০টি স্ট্রং রুমে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থার মধ্যে রাখা হয়েছে । এদিকে কংগ্রেস দল তাদের কাউন্টিং এজেন্টদের জন্য গতকাল বিশেষ প্রশিক্ষণ কার্যসূচীর আয়োজন করে ।

----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার  আগামীকাল জাতীয় শোক ঘোষনা করেছে । হেলিকপ্টার দূর্ঘটনার ফলে মৃত্যু হওয়া ইরাণের রাষ্ট্রপতি ড.সৈয়দ ইব্রাহিম রাইসি এবং বিদেশ মন্ত্রী আমির আব্দুল্লাহিয়ানের প্রতি সম্মান জানাতে কেন্দ্রীয় সরকার আগামীকাল জাতীয় শোক ঘোষনা করেছে । এই সময়ে সমগ্র দেশে জাতীয় পতাকা অর্তনমিত থাকবে । এদিকে ইরাণের রাষ্ট্রপতি ড.সৈয়দ ইব্রাহিম রাইসি এবং বিদেশ মন্ত্রী আমির আব্দুল্লাহিয়ানের করুণ মৃত্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গভীর শোক প্রকাশ করেছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন যে ভারত-ইরাণের দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী  করার ক্ষেত্রে তাঁদের অবদান সর্বদা স্মরণীয় হয়ে থাকবে । প্রধানমন্ত্রী এই দুঃখের সময়ে ইরানের সঙ্গে ভারত সমব্যাথী বলে মন্তব্য করেন ।

----------------------------------------------------------------------------------

আসাম উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদের অধীনে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের জন্য বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে একাদশ শ্রেণীতে নাম ভর্তির জন্য নির্বাচিত ছাত্র ছাত্রীদের তালিকা আজ দর্পণ পোর্টালে প্রকাশ করা হয়েছে । ছাত্র ছাত্রীরা দর্পণ পোর্টালে লগ ইন করে নাম ভর্তির জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান তথা নির্ধারিত শাখার তথ্য লাভ করতে পারবে । এদিকে এই পোর্টালে আগামী ২৭ থেকে ৩০ মের মধ্যে নামভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে । শিক্ষা পরিষদের অধীনে এবার একাদশ শ্রেণীতে নাম ভর্তির জন্য দর্পণ পোর্টালের মাধ্যমে এপর্যন্ত তিন লক্ষ ১৬ হাজার ছাত্র ছাত্রী আবেদন করেছে । শিক্ষা পরিষদের গৃহীত সিদধান্ত অনুসারে দর্পণ পোর্টালের মাধ্যমে নাম ভর্তি করা ছাত্র ছাত্রীদের পরবর্তী পর্যায়ে একাদশ শ্রেণীর পঞ্জীয়নের অধীনে রাখা হবে এবং আগামী পরীক্ষাগুলিতে অবতীর্ণ হবার জন্য যোগ্য হিসেবে বিবেচনা করা হবে বলে আসাম মাধ্যমিক শিক্ষা পরিষদের একজন প্রবীণ আধিকারিক জানিয়েছেন ।

----------------------------------------------------------------------------------

এদিকে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের উত্তর পত্র পুনরনীরিক্ষণের জন্য পরীক্ষার্থীরা অনলাইনের মাধ্যমে আবেদন জানাতে পারবে বলে উচ্চতর মাধ্যমিক শিক্ষা পরিষদ এক বিজ্ঞপ্তি জারী করেছে । বিজ্ঞপ্তি অনুসারে উত্তরপত্র

পুনরনীরিক্ষণের জন্য ইচ্ছুক পরীক্ষার্থীরা আগামী ২২ শে মে বিকেল ৫ টা পর্যন্ত ahsec.assam.gov.in এ অনলাইনে আবেদন করতে পারবে ।এরজন্য পরীক্ষার্থীদের ফি অনলাইনের মাধ্যমে জমা করতে হবে ।

---------------------------------------------------------------------------

আপার আসামের বিভিন্ন স্থানে গতরাত্রের তুমুল ঝড়বৃষ্টির ফলে বিভিন্ন স্থানে মানুষের ঘরবাড়ির ক্ষয়ক্ষতি সহ বহুস্থানে সরকারী সম্পত্তিও বিনষ্ট হয়েছে । এদিকে রাজ্যের বেশিরভাগ অঞ্চলে আগামী ২-৩ দিন বৃষ্টিপাত অব্যাহত থাকবে বলে গুয়াহাটির আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্র থেকে জানানো হয়েছে । অন্যদিকে আগামী পাঁচ জুনের মধ্যে আসাম সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চলে মৌসুমী বায়ুর আগমন ঘটবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে জানানো হয়েছে । এবারের বর্ষায় রাজস্থান সহ দেশের ২৩টি রাজ্যে বৃষ্টির পরিমাণ স্বাভাবিক হবে বলে পূর্বানুমান করলেও কেন্দ্রীয় আবহাওয়া দপ্তর আসাম তথা উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে পর্যাপ্ত বৃষ্টি না হওয়ার সম্ভাবনা প্রকাশ করেছে ।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলার ফুলের তলে কুয়োতে আবদ্ধ হয়ে মৃত্যু হওয়া তিন ব্যক্তির মরদেহ আজ উদ্ধার করা হয়েছে । মৃত ব্যক্তিদের মনজিৎ দেব, প্রসেনজিৎ দেব এবং অমিত সেন বলে সনাক্ত করা হয়েছে । উল্লেখ্য- গতরাত্রে কুয়োটিতে পড়ে যাওয়া একটি মুরগী তুলে এনে কুয়োটিকে পরিষ্কার করার চেষ্টা করতে গিয়েই এই বিপত্তি ঘটে । এন ডি আর এফ এবং এস ডি আর এফ অভিযান চালিয়ে ঐ তিনজনকে উদ্ধার করে । এবং পরে তাদেরকে শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাদের মৃত বলে ঘোষণা করেন । কুয়োর ভেতরে অক্সিজেনের মাত্রা কম হওয়ার ফলে এই তিনজনের মৃত্যু হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলা- কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দির ছাত্রছাত্রীদের সি ইউ ই টি অর্থাৎ- কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় প্রবেশ পরীক্ষার স্নাতক স্তরে ভর্তির জন্য আগামী ২৪ শে মে অনুষ্ঠেয় বাংলা এবং ই ভি এস

অর্থাৎ এনভায়রনমেন্টাল সায়েন্স পরীক্ষার জন্য আগরতলা, শিলং এবং গুয়াহাটিতে পরীক্ষা কেন্দ্র দেওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু ঐসব ছাত্রছাত্রীদের যাতায়াতের অসুবিধা দূর করতে এই দুটি বিষয়ের জন্য শিলচরে পরীক্ষা কেন্দ্র স্থাপনের অনুরোধ জানিয়ে ন্যাশনেল টেস্টিং এজেন্সি বা এন টি এ'র সঞ্চালকের কাছে পত্র পাঠিয়েছেন । রাজ্যের উচ্চশিক্ষা বিভাগের যুগ্ম সচিব নারায়ণ কুমার পাঠকের মাধ্যমে পাঠানো এই পত্রে বরাক উপত্যকার তিন জেলার ছাত্রছাত্রীরা সি ইউ ই টি স্নাতক স্তরের বাকি সব পরীক্ষা বরাকের একটি মাত্র শহর শিলচরের পরীক্ষা কেন্দ্রগুলিতে দিয়েছে বলে উল্লেখ করে পরীক্ষার্থীদের দূরত্ব এবং অন্যান্য আনুষঙ্গিক সমস্যা নিরসন করতে বাংলা এবং পরিবেশ বিজ্ঞান- এই দুটি পরীক্ষাও শিলচরে আয়োজন করার অনুরোধ জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

এদিকে বরাক উপত্যকার শুধুমাত্র শিলচর শহরে সি ইউ ই টি- ইউ জি পরীক্ষা কেন্দ্রগুলি থাকায় করিমগঞ্জ জেলার বহু পরীক্ষার্থী এই প্রবেশ পরীক্ষায় বসতে পারেননি বলে অভিযোগ করে উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে স্মারকপত্র পাঠিয়েছেন । স্মারকপত্রে বরাকের একমাত্র শিলচরে পরীক্ষা কেন্দ্র থাকায় করিমগঞ্জ ও হাইলাকান্দির ছাত্রছাত্রীরা দুর্ভোগের শিকার হয়েছে । এবং যানজটের কারণেও বহু ছাত্রছাত্রীর নির্ধারিত সময়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে পারে নি বলে তিনি অভিযোগ করেছেন । একইসঙ্গে এই প্রবেশ পরীক্ষার বাংলা ও পরিবেশ বিজ্ঞানের পরীক্ষার জন্য ঐসব ছাত্রছাত্রীদের বরাকের বাইরে গিয়ে পরীক্ষা দিতে হলে ডিমা-হাসাও এবং মেঘালয়ের বেহাল যোগাযোগ ব্যবস্থার জন্য শারীরিক ও মানসিক হেনস্থার সম্মুখীন হতে হবে বলেও স্মারকপত্রে অভিমত ব্যক্ত করেছেন ।

---------------------------------------------------------------------------

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে সি ইউ ই টি ইউ জি পরীক্ষার বাংলা ও পরিবেশ বিজ্ঞান বিষয়ের পরীক্ষা কেন্দ্র বরাক উপত্যকার ছাত্র-ছাত্রীদের জন্য এই উপত্যকায় করার দাবী জানিয়ে আজ

ন্যাশনেল টেষ্টিং এজেন্সির চেয়ারম্যানের কাছে কাছাড়ের জেলা আয়ুক্তের মাধ্যমে একটি স্মারক পত্র প্রেরণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

রেল পুলিশ আজ গৌহাটী রেল স্টেশনের ৪ নম্বর প্ল্যাটফর্মে অভিযান চালিয়ে মাদক দ্রব্য সহ একজন ব্যাক্তিকে আটক করেছে । পুলিশ ওই ব্যাক্তির কাছ থেকে ৪৮ গ্রাম ব্রাউন সুগার জব্দ করতে সক্ষম হয়েছে । অন্য আরেকটি অভিযানে রেল পুলিশ গৌহাটী রেল স্টেশনে একটি কিশোরের কাছ থেকে ৬ কিলোগ্রাম ভাং জব্দ করেছে । গৌহাটী থেকে ব্যাঙ্গালুরু অভিমূখে যাত্রা করা রেলে ওঠার সময় কিশোরটির কাছ থেকে ভাং জব্দ করা হয় ।

---------------------------------------------------------------------------

শিলচর পূর্ত বিভাগের সড়ক ডিভিশনের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে মূখ্যমন্ত্রী উন্নত পাকাপথ নির্মান প্রকল্পের অধীনে ড্রেন নির্মানের জন্য নরসিংটোলা রোডের আই জি পি কার্য্যলয় পয়েন্ট থেকে ভাওয়াল পয়েন্ট পর্য্যন্ত আজ রাত ১১টা থেকে আগামীকাল সকাল ৫টা পর্য্যন্ত সব ধরনের যান চলাচলের জন্য বন্ধ থাকবে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা গর্ভমেন্ট পারমিটেড প্রাইভেট স্কুল এসোসিয়েশনের পক্ষ থেকে জেলায় সরকারী অনুমোদন ছাড়াই বহু বেসরকারী বিদ্যালয় চলছে বলে অভিযোগ করা হয়েছে । এসোসিয়েশনের পক্ষ থেকে আজ আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সরকারী নীতি-নির্দেশনাকে উপেক্ষা করে বিদ্যালয় প্রতিষ্ঠা করে শিক্ষার মানকে নীচে  নিয়ে আসা হচ্ছে বলে অভিযোগ করা হয়েছে।

---------------------------------------------------------------------------

আকাশবাণী শিলচর কেন্দ্রের কারিগরী বিভাগের কর্মী রূপক ভট্টাচার্য্য আজ বিকেল সাড়ে তিনটায় গৌহাটীর একটি বেসরকারী নার্সিং হোমে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৫৯ । শ্রী ভট্টাচার্য্য ১৯৯১ সালে শিলচর দূরদর্শন কেন্দ্রে কর্মজীবন শুরু করেন । রূপক ভট্টাচার্য্যের মৃত্যুতে আকাশবাণী শিলচর কেন্দ্রের আধিকারীক ও কর্মচারীদের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

লক্ষীপুরের প্রবীন নাগরিক সংস্থা , মণিপুরী মহিলা লেখিকা সংস্থা এবং নহারুল খোরিরোল সংস্থার যৌথ উদ্যোগে গতকাল খোরিরোল কমিউনিটি হলে রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী থানেশ্বর বড়োর মৃত্যুতে এক শোকসভা অনুষ্ঠিত হয়েছে । আই বিনোদ সিংহের পৌরহিত্যে আয়োজিত শোকসভায় প্রয়াত মন্ত্রীর  কর্ম জীবন নিয়ে কে এইচ গৌরহরি সিংহ , এন নীলমনি সিংহ , ই প্রভাবতী দেবী প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------

শ্রীকোনা বিবেকানন্দ ক্লাবের পক্ষ থেকে গতকাল শ্রীকোনা বড়বাজারে বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে শহীদ দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকালে স্থায়ী শহীদ বেদীতে শ্রদ্ধা জানানোর পাশাপাশি বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------